



# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭।



শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/ব্যক্তি/৮৬১/১৮/২২৬৭

তারিখ : ১০/১২/২০২০ খ্রিঃ

## অফিস আদেশ

অত্র বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৩১তম সভায় অনুমোদিত শিক্ষকদের উচ্চ শিক্ষার্থে ছুটি/ডেপুটেশন এর সংশোধিত নীতিমালা অনুযায়ী এবং সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে পুরকৌশল বিভাগের প্রভাষক জনাব মো: তারেক হাসান এর অনুকূলে University of Central Florida, USA-তে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত ০১/০১/২০২১ তারিখ হইতে নিম্নবর্ণিত শর্তে প্রাথমিকভাবে ০১(এক) বৎসর পূর্ণগড় বেতনে (গুধুমাত্র মূল বেতন প্রাপ্যতার ভিত্তিতে) ছুটি মঞ্জুর করা হইল।

### শর্তসমূহ :-

- ১। তাঁহাকে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী বন্ড প্রদান করিতে হইবে।
- ২। উচ্চশিক্ষার মান সন্তোষজনক হইতে হইবে এবং প্রতি ৬ মাস অন্তর অন্তর শিক্ষার অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করিতে হইবে;
- ৩। তাঁহাকে উচ্চশিক্ষা সমাপ্তির সংগে সংগে বিশ্ববিদ্যালয়ে যোগদান করিতে হইবে। যথাসময়ে যোগদান করিতে ব্যর্থ হইলে সিন্ডিকেটের ১০৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের যাবতীয় পাওনাদী এক কিস্তিতে (One installment) পরিশোধ করিতে হইবে;
- ৪। উচ্চ শিক্ষার্থে ছুটি ভোগের জন্য তাঁহাকে এই শর্তে বন্ড প্রদান করিতে হইবে যে, ছুটি শেষে তিনি বিশ্ববিদ্যালয়ে যোগদান করিয়া ভোগকৃত ছুটির সমপরিমাণ সময়কাল বিশ্ববিদ্যালয়ে চাকুরী করিবেন এবং বিনা বেতনে ছুটির প্রয়োজন হইলে সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত বিনা বেতনে ছুটির অর্ধেক সময়কাল বিশ্ববিদ্যালয়ে চাকুরী করিবেন। অন্যথায় বন্ডের শর্ত মোতাবেক অঙ্গীকারকৃত সমুদয় অর্থ ফেরৎ প্রদান করিতে হইবে এবং তাঁহার জিপি ফান্ডে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত অর্থ বাজেয়াপ্ত হইবে;
- ৫। ছুটিতে থাকাকালীন তাঁহার চাকুরী বিশ্ববিদ্যালয়ের আইন, স্ট্যাটিউটস্, প্রচলিত বিধি-বিধান ও ভবিষ্যতে যাহা প্রণীত হইবে তদানুযায়ী পরিচালিত হইবে;
- ৬। সিন্ডিকেটের ৮৪তম সভার সিদ্ধান্ত এবং স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা(৭ম খন্ড)/২৩০/০৩/১৮৩৩; তারিখঃ ২১/০৭/২০১৬ মোতাবেক তিনি পূর্ণগড় বেতনে ছুটি থাকাকালীন সময়ের বেতন ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য ভাতাদি প্রাপ্য হইবেন;
- ৭। ডেপুটেশন/ছুটিকালীন তাঁহার যোগাযোগের ঠিকানা (ডাক যোগাযোগের ঠিকানা, ই-মেইল আইডি, ফোন নং, মোবাইল ফোন নং, ফ্যাক্স নং) বিশ্ববিদ্যালয়কে অবহিত করিতে হইবে ও ঠিকানা পরিবর্তন হইলে তাহা নিজ দায়িত্বে অবহিত করিতে হইবে।

*(Signature)*  
10.12.2020

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)  
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)

স্মারক নং-ঢাপ্রপ্রবি/প্রশা/ব্যক্তি/৮৬১/১৮/২২৬৭ (২)  
অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে)-

তারিখ : ১০/১২/২০২০ খ্রিঃ

- ১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২। ডীন, সিন্ডিকাল ইঞ্জিনিয়ারিং অনুষদ;
- ৩। বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ;
৪. পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল);
- ৫। কম্পট্রোলার (ভারপ্রাপ্ত), কম্পট্রোলার অফিস;
- ৬। এডিশনাল কম্পট্রোলার (চলতি দায়িত্ব), অডিট;
- ৭। ডেপুটি রেজিস্ট্রার, কাউন্সিল শাখা;
- ৮। জনাব মো: তারেক হাসান, প্রভাষক, পুরকৌশল বিভাগ;
- ৯। সংরক্ষণ নথি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

*(Signature)*  
10.12.2020  
(মোঃ মফিজুর রহমান)  
ডেপুটি রেজিস্ট্রার